

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
www.erd.gov.bd

বিষয়ঃ সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি'র ২০২২-২৩ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এ.কে.এম শাহাবুদ্দিন, অতিরিক্ত সচিব, প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
সভার তারিখ ও সময় : ২০/০৩/২০২৩ খ্রি., সকাল ১০:০০
স্থান : প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ সম্মেলন কক্ষ
উপস্থিতি : সংযোজনী- 'ক'


সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে সদস্য সচিব জনাব মো. সাক্বির বিশ্বাস গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেনঃ

ক্র. ন.	গত সভার সিদ্ধান্ত	গত সভার সিদ্ধান্তের অগ্রগতি	অগ্রগতির হার
১	২০২২-২০২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিকের কমিটি পুনর্গঠন করার জন্য ডিসেম্বর/২০২২ মাসের শেষ সপ্তাহের প্রশাসন-১ শাখাকে পত্র প্রেরণ করতে হবে।	ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি গঠন করার জন্য আইসিটি সেল হতে প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগকে পত্র প্রেরণ করা হয়েছে এবং সে আলোকে গত ১১/০১/২০২৩ তারিখে প্রশাসন-১ শাখা হতে ৩য় ত্রৈমাসিকের জন্য কমিটি গঠন করে পত্রজারি করা হয়েছে।	১০০%
২	সিটিজেন চার্টারের অর্ধবার্ষিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখায় প্রেরণ করতে হবে।	গত ০৯/০১/২০২৩ তারিখে সিটিজেন চার্টারের অর্ধবার্ষিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখায় প্রেরণ করা হয়েছে।	১০০%
৩	ইআরডি'র আওতাধীন দপ্তর/সংস্থা নেই মর্মে গত ০৩/১০/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত পত্রের অগ্রগতি উপসচিব পর্যায়ের একজন কর্মকর্তা তদারকি করবেন।	উক্ত বিষয়ে তদারকি করা হয়েছে এবং এ প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে মতামত পাওয়া গেছে।	১০০%
৪	ইআরডি'র সিটিজেন চার্টার নিয়মিত আপডেট করতে হবে।	ইআরডি'র সিটিজেন চার্টার নিয়মিত আপডেট করা হয়।	১০০%
৫	আগামী ১৮-২০/ডিসেম্বর, ২০২২ তারিখ অথবা সুবিধাজনক সময়ে এ বিভাগের ৩য় শ্রেণীর ৫০ জন কর্মচারীদের নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	গত ২৮ ডিসেম্বর, ২০২২ তারিখ এ বিভাগের ৩য় শ্রেণীর ৫০ জন কর্মচারীদের নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।	১০০%
৬	আগামী ১৪ ও ১৮ ডিসেম্বর ২০২২ তারিখে বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্পসমূহের প্রকল্প সাহায্য বরাদ্দ নিয়ে স্টেক হোল্ডারগণের (মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি এবং প্রকল্প পরিচালকগণ) সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	গত ১৪ ও ১৮ ডিসেম্বর ২০২২ তারিখে বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্পসমূহের প্রকল্প সাহায্য বরাদ্দ নিয়ে স্টেক হোল্ডারগণের (মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি এবং প্রকল্প পরিচালকগণ) সমন্বয়ে দুইটি অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে।	১০০%

২০২২-২০২৩ অর্থবছরের সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র. ন.	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১	২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিকের কমিটি পুনর্গঠন করার জন্য মার্চ/২০২৩ মাসের শেষ সপ্তাহে প্রশাসন-১ শাখাকে পত্র প্রেরণ করতে হবে।	জনাব মো. সাক্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি
২	এপ্রিল/২০২৩ মাসের প্রথম সপ্তাহে অথবা সুবিধাজনক সময়ে এ বিভাগের ২য় শ্রেণীর ৩০ জন কর্মচারীদের নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	জনাব মো. সাক্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি
৪	ইআরডি'র সিটিজেন চার্টার নিয়মিত আপডেট করতে হবে।	জনাব মো. সাক্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।



এ,কে,এম শাহাবুদ্দিন

অতিরিক্ত সচিব

ও সভাপতি, সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি

নং-০৯.০০.০০০০.২৫২.১৮.০০১.২২.১৩

তারিখ: ২০ মার্চ ২০২৩ খ্রি.

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অতিরিক্ত সচিব ও ফোকাল পয়েন্ট, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২। সকল সম্মানিত সদস্য, সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৩। সচিবের একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, ফাবা ও আইসিটি অনুবিভাগ প্রধান, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৭। অফিস কপি